

## ভর্তি

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ভর্তি শুরু আজ, শিক্ষার্থীদের যা যা করণীয়

প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৭ এপ্রিল ২০২৫, ১৩: ০৩



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের ‘এ’, ‘বি’, ‘সি’, ‘ডি’ ও ‘ই’ ইউনিটের প্রথম পর্যায়ে বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। আজ রোববার দুপুর ১২টা থেকে বিশ্ববিদ্যালয়ের ভর্তিসংক্রান্ত [ওয়েবসাইটে](#) প্রবেশ করে ভর্তি ফি জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত ভর্তি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ দুপুর ১২টা থেকে আগামী ৫ মে রাত ১১টা ৫৯ মিনিটের মধ্যে নিজ নিজ প্যানেলে প্রবেশ করে ভর্তি ফি অনলাইনে

জমা দিতে হবে। ভর্তি ফি জমাদানকারী শিক্ষার্থীদের আজ থেকে ৬ মে ২০২৫ তারিখ পর্যন্ত (সকাল ৯টা থেকে বিকেল ৪টার মধ্যে) সরাসরি সংশ্লিষ্ট ডিন অফিসে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিয়ে কাগজপত্র জমাদান স্লিপ সংগ্রহ করে ভর্তি নিশ্চিত করতে হবে।

## ভর্তি ফিসের পরিমাণ

বিজ্ঞান অনুষদ ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগগুলোর জন্য (ব্যবহারিক ক্লাসের ফিসহ) ১২ হাজার ৪৩০ টাকা, বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগগুলোর জন্য ১০ হাজার ৪৩০ টাকা, কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটগুলোর জন্য (ফিল্ম অ্যান্ড টেলিভিশন, সংগীত ও নাট্যকলা বিভাগ ব্যতীত) ১০ হাজার ৪৩০ টাকা, ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগ, সংগীত ও নাট্যকলা বিভাগ (ব্যবহারিক ক্লাসের ফিসহ) ১২ হাজার ৪৩০ টাকা, চারুকলা অনুষদভুক্ত বিভাগগুলোর জন্য (ব্যবহারিক ক্লাসের ফিসহ) ১২ হাজার ৪৩০ টাকা।

## ভর্তির জন্য যে যে কাগজপত্র জমা দিতে হবে

সংশ্লিষ্ট ডিন অফিসে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র; ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র (Admit Card); অনলাইন থেকে প্রিন্টকৃত ভর্তি ফরম; ২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে বিষয় নির্বাচনের (Subject Choice) জন্য ৮ থেকে ১৭ এপ্রিল ২০২৫ পর্যন্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মোট আসনসংখ্যা ২ হাজার ৮১৫।

‘এ’ ইউনিটের তিনটি পালায় মোট আসন ৮৬০টি। প্রথম পালায় মোট আসন ২৮৪টি, দ্বিতীয় পালায় মোট আসন ২৮৭টি এবং তৃতীয় পালায় মোট আসন ২৮৯টি।

‘বি’ ইউনিটের তিনটি পালায় মোট আসন ৭৮৫টি, প্রথম পালায় মোট আসন ২৯৪টি, দ্বিতীয় পালায় মোট আসন ২৯২টি এবং তৃতীয় পালায় মোট আসন ১৯৯টি।

‘সি’ ইউনিটের দুটি পালায় মোট আসন ৫২০টি। প্রথম পালায় মোট আসন ২৩০টি এবং দ্বিতীয় পালায় মোট আসন ২৯০টি।

‘ডি’ ইউনিটের দুটি পালায় মোট আসন ৫৯০টি। প্রথম পালায় মোট আসন ২৯৪টি এবং দ্বিতীয় পালায় মোট আসন ২৯৬টি।

‘ই’ ইউনিটের মোট আসন ৬০টি। ড্রইং অ্যান্ড পেইন্টিং বিভাগের জন্য ২০টি আসন। প্রিন্ট মেকিং বিভাগের জন্য ২০টি আসন। ভাস্কর্য বিভাগের জন্য ২০টি আসন।

---

